গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৩-৪২৭ (৭০) তারিখ : ০৩ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ। / ১৬ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ।

বিষয় : উপজেলা পরিষদ সভা অনুষ্ঠান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নাগেশ্বরী উপজেলা পরিষদের সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ১৮ এপ্রিল ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে এপ্রিল/২০২৩ মাসের উপজেলা পরিষদ সভা অনুষ্ঠিত হবে। আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বিবেচ্য সভায় উপস্থাপনযোগ্য কোন আলোচ্য বিষয় থাকলে সভা অনুষ্ঠানের পূর্বে তা লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

১৬|৪|২৩
(ফারজানা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম
ফোন:০৫৮২৬-৫৬২০৩
ফ্যাক্স:০৫৮২৬-৫৬১৪৩।

.......................................................................
.......................................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

৭. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৮. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৯. উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
১০. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১১. মেয়র, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১৩. অফিস নথি।

## উপজেলা পরিষদ সভায় সদস্যগণের উপস্থিতি (জনপ্রতিনিধিগণ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

সভার তারিখ-১৮/০৪/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫,কুড়িগ্রাম-১ | | |
| ২. | মেয়র, নাগেশ্বরী পৌরসভা | ০১৭১৬-১০১৩২৬ | |
| ৩. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৮-১১৯০৬১ | |
| ৪. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ নাগেশ্বরী, কুড়িগ্রাম | ~~০১৭৩৫-২০২৬৬১~~ | |
| ৫. | চেয়ারম্যান, রামখানা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৭৪-৯২৪২৯০ | |
| ৬. | চেয়ারম্যান, রায়গঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৪৩-৪৬৯৬৪৫ | |
| ৭. | চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৮০৯১৩৩৩০ | |
| ৮. | চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৪-৬৭৯২৬৮ | |
| ৯. | চেয়ারম্যান, সন্তোষপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩০-৯২০৯৩৩ | |
| ১০. | চেয়ারম্যান, নেওয়াশী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২-৭৩০১০৫ | |
| ১১. | চেয়ারম্যান, হাসনাবাদ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৪-২৩০৬৭১ | |
| ১২. | চেয়ারম্যান, ভিতরবন্দ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৩-৭৭৩২০৮ | |

উপজেলা পরিষদ সভায় সদস্যগণের উপস্থিতি (জনপ্রতিনিধিগণ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

সভার তারিখ-১৮/০৪/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৩. | চেয়ারম্যান, কালীগঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৩-৮৯৭৫৯৮ | ১৮/৪/২৩ |
| ১৪. | চেয়ারম্যান, নুনখাওয়া ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৬-৩৬৯৭১৩ | |
| ১৫. | চেয়ারম্যান, নারায়নপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৪৬-২৯৫৫৭৬ | |
| ১৬. | চেয়ারম্যান, বল্লভেরখাস ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩০-৮৩৯৯২০ | ১৮/০৪/২৩ |
| ১৭. | চেয়ারম্যান, কেদার ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৫১-৩৬৯৬৬৬ | 18-04-23 |
| ১৮. | চেয়ারম্যান, কচাকাটা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৪-৯৬৯০৬৪ | ১৮/০৪/২৩ |
| ১৯. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২০. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২১. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২২. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২৩. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |

## উপজেলা পরিষদ সভায় সদস্যগণের উপস্থিতি (অফিসারবৃন্দ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

### তারিখ-১৮/০৪/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৭৪৪৩৪২৫৫ | |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৯১৪৭১৬৯৯১ | |
| ৩. | উপজেলা কৃষি অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৬-৪৩৭৬৪৪ | |
| ৪. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২-৭২৭৪৩৯ | |
| ৫. | উপজেলা মৎস্য অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২২-৪১০৫৮০ | |
| ৬. | উপজেলা শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৫-০৩৯৬৯৭ | |
| ৭. | উপজেলা সমাজ সেবা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২৬-৮০৮৪৬৯<br>01722940783 | |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২-০৩৫২১৫ | |
| ৯. | উপজেলা প্রকৌশলী, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ~~০১৭২২-৩৬১১১৬~~<br>01723393529 | |
| ১০. | সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ০১৭৪৩-৬৯০৮২৪ | |
| ১১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৯-৫৪৭৫৯২ | |
| ১২. | উপজেলা সমবায় অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৯-৫৪৭৭৮৮ | |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৮-৯১০৫৬৬ | |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭০০৭১৭১৬২ | |
| ১৫. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ০১৭১৬৮৯০৩৬৭ | |
| ১৬. | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৬৯-৪০০১৭৯ | |
| ১৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২-৩৬৬০০৩ | |
| ১৮. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৭৬৯৫৮৮৫ | |
| ১৯. | ফরেষ্টার, উপজেলা বন বিভাগ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৮-৬৭৩০৮৭ | |

**শেখ হাসিনার দর্শন**
**সব মানুষের উন্নয়ন**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নাগেশ্বরী কুড়িগ্রাম।

বিষয় : উপজেলা পরিষদের এপ্রিল/২০২৩ খ্রিষ্টাব্দ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোস্তফা জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
তারিখ : ১৭ এপ্রিল ২০২৩ খ্রিঃ।
সময় : সকাল ১১.০০ টা।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা 'পরিশিষ্ট ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রামকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। এরপর বিভিন্ন বিভাগীয় আলোচনা শুরু করা হয়।

আলোচনাঃ উপজেলা পর্যায়ে বিভিন্ন বিভাগের/দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। নাগেশ্বরী পৌরসভা | সভায় মেয়র নাগেশ্বরী পৌরসভা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তিনি হোল্ডিং ট্যাক্স আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। মাদকের বিরুদ্ধে সংশ্লিষ্ট সকলকে কঠোর হওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | হোল্ডিং ট্যাক্স আদায়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, নাগেশ্বরী পৌরসভা। |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ। | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, সেবামূলক কার্যক্রম নিয়মিত চলমান আছে। এছাড়া তিনি হাসপাতালের কোয়ার্টার সংলগ্ন পুকুরের পাড় সংস্কার করার ব্যবস্থাগ্রহণ করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বর্তমানে বিভিন্ন স্থানে করোনা ভাইরাসের নতুন ধরণ শনাক্ত হচ্ছে। তাই সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩। উপজেলা কৃষি বিভাগ। | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, বোরো মৌসুম চলমান রয়েছে। এ মৌসুমে বোরো ধান আবাদের লক্ষমাত্রা ২৩,৪৯০ হেক্টর জমি। বর্তমানে তীব্র তাপদাহের কারণে ধানের ব্লাস্ট রোগের সংক্রমণ দেখা দিতে পারে তাই কৃষকদের জমিতে ২-৩ ইঞ্চি পানি ধরে রাখার লক্ষ্যে নিয়মিত সেচ অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করতে হবে। এছাড়া ব্লাস্ট রোগে ধানের চারা আক্রান্ত হওয়ার আগেই প্রতিষেধক প্রয়োগ করতে হবে। এ বিষয়ে কৃষকদের মাঠ পর্যায়ে সচেতনতা মুলক প্রচার প্রচারনা করা হচ্ছে। এ মৌসুমের জন্য পর্যাপ্ত সার মজুদ আছে। পরিশেষে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | নিয়মিত মনিটরিং এর, প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নাগেশ্বরী। |
| ৪। উপজেলা মৎস্য বিভাগ। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। নিয়মিত বিভিন্ন মৎস্য হ্যাচারি গুলোতে অভিযান অব্যহত আছে।<br>অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৫। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, বর্তমানে অতিরিক্ত তাপদাহের কারণে গবাদিপশু বিভিন্ন রকমের রোগাক্রান্ত হচ্ছে। তাই তিনি গবাদিপশুকে দানাদার খাদ্য সরবরাহ কমিয়ে ঘাস, খড় ও লতাপাতা খাওয়ানো জন্য খামারিদের পরামর্শ প্রদানের জন্য সংশ্লিস্ট সকলকে অনুরোধ করেন। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | এ বিষয়ে গবাদি পশুর খামারিগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬। উপজেলা প্রকৌশল বিভাগ। | উপজেলা প্রকৌশলী জানান যে, নাগেশ্বরী উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচীর গৃহীত প্রকল্প অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। ৯টি ইউনিয়ন পরিষদ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য ৯০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে ঈদের পর কাজ শুরু করা হবে। বার্ষিক উন্নয়ন প্রকল্পের অধীনে পিআইসির মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পের কাজ প্রায় শেষ পর্যায়ে। তিনি সংশ্লিষ্ট প্রকল্প চেয়ারম্যানগণকে চূড়ান্ত বিলের সাথে কাজের আগের ও পরের ছবি, প্রত্যয়ন সংযুক্ত পূর্বক বিল দাখিলের অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, কেদার ইউপি জানান, ৩নং ওয়ার্ডের চর বিষ্ণুপুরে প্রায় ৪৫০০ লোক একটি কাঠের ব্রীজ দিয়ে চলাচল করে। ব্রীজটির পাটাতন নষ্ট হওয়ায় বর্তমানে ব্যবহার অনুপযোগী হওয়ায় ব্রীজটি জরুরী ভিত্তিতে সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, রামখানা ইউপি জানান, আন্ধারীঝাড় বাজার থেকে (রামখানা ইউপির সীমানা থেকে) কদম তলা হয়ে নাখারগঞ্জ বাজার গামী রাস্তা চলাচলের অনুপযোগী হওয়ায় রাস্তাটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।<br>রামখানা ইউপি চেয়ারম্যানের বক্তব্যের প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী জানান, রাস্তাটি পরিদর্শন পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকল্পসমূহ বাস্তবায়নে সার্বিক তদারকি ও কাজের গুণগত মান বজায় রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন ও কেদার ইউপির বর্ণিত ব্রীজটি পরিদর্শন পূর্বক মেরামতের লক্ষ্যে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৭। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান শিশু শ্রেণির শিক্ষার্থীদের আনন্দমুখর পরিবেশে পাঠদানের লক্ষ্যে উপজেলার নাগেশ্বরী মডেল সপ্রাবি, নাগেশ্বরী বালিকা সপ্রাবি, নেওয়াশী সপ্রাবি, বেরুবাড়ী সপ্রাবি, মাদারগঞ্জ সপ্রাবি, শিয়ালকান্দা সপ্রাবি ও বামনডাঙ্গা সপ্রাবির শ্রেণিকক্ষগুলো শিশু বান্ধব করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অতঃপর তিনি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | শিক্ষার মান বজায় রাখার স্বার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ৮। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, উপজেলা মহিলা বিষয়ক দপ্তর হতে মা ও শিশু সহায়তা কার্যক্রমে সুবিধাভোগী যাচাই-বাছাইয়ের অংশ হিসেবে গর্ভবতী মা ও শিশুর তথ্য যাচাই চলছে। অল্প সময়ের মধ্যে সঠিক তথ্য সরবরাহ করা হবে।<br>এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সঠিক ও নির্ভূল তথ্য প্রদানের বিষয়ে সজাগ থাকার পরামর্শ প্রদান করেন এবং নির্ধারিত সময়ের মধ্যে তথ্য সরবরাহের অনুরোধ জানান। | দাপ্তরিক কার্যক্রমের পাশাপাশি মা ও শিশু সহায়তা কার্যক্রমে সুবিধাভোগী যাচাই-বাছাইয়ের অংশ হিসেবে গর্ভবতী মা ও শিশুর তথ্য যাচাই-বাছাই পূর্বক তথ্য সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, আগামী ৩০ মে হতে এসএসসি ও সমমান পরীক্ষা ২০২৩ শুরু হবে সুষ্ঠুভাবে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া পরীক্ষা চলাকালীন নিয়মিত বিদ্যুৎ সরবরাহের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ, নাগেশ্বরী, কুড়িগ্রামকে অনুরোধ জানান। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। সংশ্লিষ্ট সকল |
| ১০। উপজেলা খাদ্য বিভাগ। | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, ইউনিয়ন পরিষদের অনুকূলে বরাদ্দকৃত ভিজিএফ এর চাল সংশ্লিস্ট ইউপি চেয়ারম্যানগণের নিকট সরবরাহ করা হয়েছে। অতপর তার কোন বক্তব্য না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | ইউনিয়ন পরিষদের অনুকূলে বরাদ্দকৃত ভিজিএফ এর চাল সংশ্লিস্ট ইউপি চেয়ারম্যানগণকে সুবিধাভোগীর মাঝে সঠিকভাবে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। ট্যাগ অফিসার (সকল) |
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগ। | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তার অফিস প্রাঙ্গণে মাটি ভরাট করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তিনি জানান টিআর, কাবিখা ও কাবিটা কার্যক্রমের প্রকল্প তালিকা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের নিকট হতে পাওয়া গেছে। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত পূর্বক ছবিসহ সমাপ্তি প্রতিবেদন দাখিলের অনুরোধ জানান। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | টিআর, কাবিখা ও কাবিটা কার্যক্রমের প্রকল্পের কার্যক্রমের মান নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৩। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। | উপজেলা সহকারী প্রোগ্রামার জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বিভিন্ন দপ্তরের যাদের ওয়েবসাইট হালনাগাদ নাই তাদের হালনাগাদ করার জন্য বিশেষভাবে বলেন এবং হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা করার আশ্বাস প্রদান করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা সহকারী প্রোগ্রামার সার্বিক সহযোগিতা করবেন। | ১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৪। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তিনি জানান মা ও শিশু সহায়তা কার্যক্রমের সুবিধাভোগী নির্বাচনে লক্ষ্যে পরিবার পরিকল্পনা দপ্তরকে যাচাই-বাছাই করার জন্য তালিকা প্রেরণ করা হয়েছে। উক্ত তালিকা প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম শুরু করা হবে। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | মা ও শিশু সহায়তা কার্যক্রমের সুবিধাভোগী নির্বাচনে স্বচ্ছতার সহিত সকল কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৫। উপজেলা যুব উন্নয়ন বিভাগ। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। যুবদের মাঝে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে জানিয়ে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, ৩৫টি গভীর নলকূপের মধ্যে ৩১টির প্লাটফর্ম নির্মাণ কাজ শেষ হয়েছে। ল্যাব টেস্টের জন্য নলকূপের পানি পাঠানো হয়েছে রিপোর্ট প্রাপ্তির পর সুবিধাভোগীগণের নিকট হস্তান্তর করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। |
| ১৭। কুড়িগ্রাম লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস। | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি জানান বর্তমানে উৎপাদন জনিত কারণে বিদ্যুৎ ঘাটতি মোকাবেলায় সকলকে বিদ্যুৎ সাশ্রয়ে আন্তরিক হওয়ার অনুরোধ জানান। এ উপজেলায় গ্রাহক পর্যায়ে প্রায় ৬কোটি ৩৮ লক্ষ টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বকেয়া আদায়ের লক্ষ্যে সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ডি,জি,এম কুড়িলা পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী যোনাল অফিস।<br>২। দপ্তর প্রধান (সকল)<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৮। উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, অত্র উপজেলার আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীগণের মধ্যে সমবায় সমিতি নিবন্ধন কার্যক্রম চলমান আছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৯। উপজেলা নির্বাচন বিভাগ। | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তার কোন বক্তব্য না থাকায় তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২০। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, মাঠ পর্যায়ে খেলাপি ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। তার দপ্তরের মাধ্যমে সন্তোষপুর ইউনিয়নে ছোট ইউড্রেন নির্মাণ সম্পন্ন হয়েছে। অতপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বকেয়া ঋণ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২১। উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তার কোন বক্তব্য না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২২। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২৩। উপজেলা বিএমডিএ বিভাগ। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (বিএমডিএ) জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৪। উপজেলা বিএডিসি বিভাগ। | উপজেলা বিএডিসি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিএডিসি কর্মকর্তা |
| ২৫। ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্টেশন অফিসার, নাগেশ্বরী কুড়িগ্রাম। |
| ২৬। উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, নাগেশ্বরী কুড়িগ্রাম। |
| ২৭। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও আদায় কার্যক্রম চলমান আছে। অতপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৮। বিবিধ আলোচনা-১ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা কমপ্লেক্স, উপজেলা পরিষদ চত্বর, উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত সকল সরকারি অফিস, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এবং উপজেলা কোয়ার্টারের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সিসিটিভি ক্যামেরা ও উপজেলা চত্বরে সড়কবাতি স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সিসিটিভি ক্যামেরা ও উপজেলা চত্বরে সড়কবাতি স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ২৮। বিবিধ আলোচনা-২ | প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সভায় জানান, উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ে কম্পিউটার না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পাদনে সমস্যা হচ্ছে তাই তিনি ১টি কম্পিউটার, ১টি ল্যাপটপ ও ২টি প্রিন্টার ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ১টি কম্পিউটার, ১টি ল্যাপটপ ও ২টি প্রিন্টার ক্রয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮। বিবিধ আলোচনা-৩ | প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ে ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কিছু নতুন আসবাবপত্র ক্রয় এবং কিছু পুরাতন আসবাবপত্র মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নতুন আসবাবপত্র ক্রয় এবং পুরতন আসবাবপত্র মেরামতের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮। বিবিধ আলোচনা-৩ | উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের মালিকানাধীন নন গেজেটেড কোয়ার্টার মেরামতের লক্ষ্যে বরাদ্দ পাওয়া গেছে। সে লক্ষ্যে পরিদর্শন পূর্বক ৬(ক), ৬(খ), ৬(গ) ও ৬(ঘ) নং নন গেজেটেড বাসা মেরামত যোগ্য হিসেবে চিহ্নিত করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এ অর্থ বছরেই কাজ সমাপ্তির লক্ষ্যে দ্রুত বাসাবাড়ীতে অবস্থানকারীগণকে বাসা খালি করে কাজের পরিবেশ তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | দ্রুত বাসাবাড়ীতে অবস্থানকারীগণকে বকেয়া বাসা ভাড়া পরিশোধ পূর্বক বাসা ছাড়ার নোটিশ প্রদান করে বাসাবাড়ি মেরামতের পরিবেশ তৈরীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |

### উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের মার্চ/২০২৩ মাসের ব্যয় বিবরনীঃ

| ক্র:ন | তারিখ | বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|---|
| ১. | ০১/০৩/২৩ | উপজেলা পরিষদ চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যানের ফেব্রুয়ারি/২৩ মাসের বাড়ীভাড়া ও সম্মানী প্রদান বাবদ | ৯৯০০০ |
| ২. | ০১/০৩/২৩ | উপজেলা পরিষদের এক জন মজুরী ভিত্তিক কর্মচারীর(মালী) ফেব্রুয়ারি/২৩, মাসের মজুরী বিল প্রদান | ১৪৮৫০ |
| ৩. | ০১/০৩/২৩ | উপজেলা পরিষদের এক জন মজুরী ভিত্তিক কর্মচারীর(পরিচ্ছন্নতাকর্মী) ফেব্রুয়ারি/২৩, মাসের মজুরী বিল প্রদান | ১৪৮৫০ |
| ৪. | ০১/০৩/২৩ | উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২৩ মাসের আনুসঙ্গিক বিল প্রদান (ভ্যাটসহ) | ৫০০০ |
| ৫. | ০১/০৩/২৩ | উপজেলা পরিষদের জানুয়ারি/২৩ মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০০০০ |
| ৬. | ০১/০৩/২৩ | উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২৩ মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০০০০ |

| ক্র:ন | তারিখ | বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|---|
| ৭. | ০১/০৩/২৩ | শহিদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস আয়োজনের জন্য প্রদান (ভ্যাটসহ) | ৩০৮৭০ |
| [illegible] | ০১/০৩/২৩ | জনাব মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, নাগেশ্বরীকে জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত ০৬ মাসের ভ্রমণ বিল প্রদান | ৩৯০০০ |
| ৯. | ০৫/০৩/২৩ | জনাব মোছাঃ আমিনা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, নাগেশ্বরীকে জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত ০৬ মাসের ভ্রমণ বিল প্রদান | ৩৯০০০ |
| ১০. | ০৫/০৩/২৩ | নুর মোহাম্মদ, পিতা- রহমত আলী, তেলিয়ানি,বামনডাঙ্গা, নাগেশ্বরীকে আর্থিক সহায়তা প্রদান বাবদ | ৫০০০ |
| ১১. | ০৫/০৩/২৩ | মোছাঃ রাশেদা খাতুন, পিতা-মোঃ আফজাল হোসেন, জুম্মাপাড়া নাগেশ্বরীকে চিকিৎসা জন্য আর্থিক সহায়তা প্রদান | ৫০০০ |
| ১২. | ০৫/০৩/২৩ | মোছাঃ শাহিনুর বেগম, স্বামী-মোঃ আজিজার রহমান, কচাকাটা, নাগেশ্বরীকে চিকিৎসা জন্য আর্থিক সহায়তা প্রদান | ৫০০০ |
| ১৩. | ০৫/০৩/২৩ | মোঃ আজিবর রহমান, পিতা-মৃত পানমামুদ, বিষ্ণুপুর, কেদার, নাগেশ্বরীকে চিকিৎসা জন্য আর্থিক সহায়তা প্রদান বাবদ | ৪০০০ |
| ১৪. | ২০/০৩/২৩ | সম্পাদক, দৈনিক কুড়িগ্রাম খবর, কে ১৪৩০ বঙ্গাব্দের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তির বিল প্রদান বাবদ(ভ্যাটসহ) | ২৭৯৬৮ |
| ১৫. | ২০/০৩/২৩ | সম্পাদক, দৈনিক যায় যায় দিন, কে ১৪৩০ বঙ্গাব্দের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তির বিল প্রদান বাবদ(ভ্যাটসহ) | ৪০৭৫৬ |
| ১৬. | ২০/০৩/২৩ | মোছাঃ ছকিনা বেগম, স্বামী- দানেশ আলী, আর্দশপাড়া, নাগেশ্বরীকে চিকিৎসা জন্য আর্থিক সহায়তা প্রদান বাবদ | ৫০০০ |
| ১৭. | ২০/০৩/২৩ | শ্রী অতুল চন্দ্র, পিতা-মৃত নারায়নচন্দ্র, ডাকনীরপাট, ভিতরবন্দ, নাগেশ্বরীকে আর্থিক সহায়তা প্রদান বাবদ | ৩০০০ |
| ১৮. | ২০/০৩/২৩ | মোঃ মফিজুল ইসলাম, পিতা-মৃত জসিম উদ্দিন,মোল্লাপাড়া, কেদার, নাগেশ্বরীকে আর্থিক সহায়তা প্রদান বাবদ | ৩০০০ |
| ১৯. | ২০/০৩/২৩ | মোঃ আবুল হোসেন, পিতা-মৃত পেটলা, পানাকুড়ি,সুখাতি নাগেশ্বরীকে আর্থিক সহায়তা প্রদান বাবদ | ৩০০০ |
| ২০. | ২০/০৩/২৩ | মোছাঃ আন্জুমান আরা, স্বামী- আলাউডিদ্দন, সাতানীপাড়া, নাগেশ্বরীকে চিকিৎসা জন্য আর্থিক সহায়তা প্রদান বাবদ | ৩০০০ |
| ২১. | ২৭/০৩/২৩ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০২৩ উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের ব্যয় বিল প্রদান (ভ্যাটসহ) | ৬৯১০০ |
| ২২. | ২৭/০৩/২৩ | মোঃ জাহাঙ্গীর আলম, খামার হাসনাবাদ, মুন্সিপাড়া, নাগেশ্বরীকে আকস্মিকভাবে বাড়ি পুড়ে যাওয়ায় আর্থিক সহায়তা প্রদান | ৫০০০ |
| | | মোট= | ৪৮১৩৯৪ |

উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে উপরোল্লিখিত সম্মানী ভাতা, মজুরী, অনুদান/সাহায্য ও অন্যান্য বাবদ ৪৮১৩৯৪/- (চার লক্ষ একাশি হাজার তিনশত চুরানব্বই) টাকার ব্যয় সকলের সম্মতিক্রমে অনুমোদন করা হলো | অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলেকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন |

(মোস্তফা জামান)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম|
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৩- ৪৬১

তারিখ : ০৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ।
১৭ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ , স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।
৭. চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৮. উপজেলা ..........................................................................................অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৯. চেয়ারম্যান, ................................................................................ইউপি (সকল), নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১০. জনাব ............................................................................................ নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১১. অফিস কপি।

১৭।৪।২৩
(ফারজানা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।